

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০০৬.২১-১২৩৭

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-০৩

শতভাগ সরকারি মালিকানাধীন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে উল্লিখিত কোম্পানির বেতন স্কেলে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন ৪৫ বছর বয়স পর্যন্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	কোম্পানি পে-গ্রেড	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	স্কিল্ড মেইন্টেইনার (সিগন্যালিং)	৬	১৫	এইচএসসি (ভোকেশনাল) ইন জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ইলেকট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন অথবা সমমানের ডিগ্রি।	আবেদনকারীকে অবশ্যই মেট্রোরেল অথবা বাংলাদেশ রেলওয়ে অথবা ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নধীন প্রকল্পসমূহে বা ঠিকাদারী প্রতিষ্ঠানে বা পরামর্শক প্রতিষ্ঠানে বা বিশেষজ্ঞ উপ-ঠিকাদারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
২.	স্কিল্ড মেইন্টেইনার [টেলিকমিউনিকেশন/অটোমেটিক ফেয়ার কালেকশন (AFC)]	৭	১৫	এইচএসসি (ভোকেশনাল)-এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	
৩.	স্কিল্ড মেইন্টেইনার [প্ল্যাটফর্ম স্কিন ডোর (PSD)]	২	১৫		
৪.	স্কিল্ড মেইন্টেইনার (ট্র্যাকশন)	৫	১৫		
৫.	স্কিল্ড মেইন্টেইনার [সুপারভাইজারি কন্ট্রোল এন্ড ডাটা এ্যাকুইজিশন (SCADA)]	২	১৫		
৬.	স্কিল্ড মেইন্টেইনার (ই এন্ড এম)	৪	১৫		
৭.	স্কিল্ড মেইন্টেইনার (লিফট)	২	১৫	এইচএসসি (ভোকেশনাল) ইন জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ইলেকট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেন্যান্স অথবা সমমানের ডিগ্রি।	
৮.	স্কিল্ড মেইন্টেইনার (এস্কেলেটর)	২	১৫	এইচএসসি (ভোকেশনাল)-এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	
৯.	স্কিল্ড মেইন্টেইনার (পি-ওয়ে)	২	১৫	এইচএসসি (ভোকেশনাল) ইন বিল্ডিং কন্সট্রাকশন এন্ড মেইনটেন্যান্স অথবা সমমানের ডিগ্রি।	
১০.	স্কিল্ড মেইন্টেইনার (সিভিল)	২	১৫	এইচএসসি (ভোকেশনাল)-এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	
১১.	স্কিল্ড মেইন্টেইনার (রোলিং স্টক)	১০	১৫	এইচএসসি (ভোকেশনাল) ইন জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ইলেকট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেন্যান্স/	
১২.	স্কিল্ড মেশিন অপারেটর (রোলিং স্টক)	২	১৫	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/ অটোমোটিভ/অটোমোবাইল/ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন অথবা সমমানের ডিগ্রি। এইচএসসি (ভোকেশনাল) এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	কোম্পানি পে-গ্রেড	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১৩.	স্কিল্ড ড্রাইভার ক্যাটেনারি মেইন্টেনেন্স ডেহিকেল (সিএমডি)	১	১৫	এইচএসসি (ভোকেশনাল) ইন জেনারেল ইলেকট্রিক্যাল অথবা সমমানের ডিগ্রি। এইচএসসি (ভোকেশনাল) এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	আবেদনকারীকে অবশ্যই মেট্রোরেল অথবা বাংলাদেশ রেলওয়ে অথবা ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাদীন প্রকল্পসমূহে বা ঠিকাদারী প্রতিষ্ঠানে বা পরামর্শক প্রতিষ্ঠানে বা বিশেষজ্ঞ উপ-ঠিকাদারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
১৪.	স্কিল্ড রেল কাম রোড ডেহিকেল (আরআরডি) (রোলিং স্টক)	১	১৫	এইচএসসি (ভোকেশনাল) ইন জেনারেল মেকানিক্যাল/অটোমোবাইল অথবা সমমানের ডিগ্রি।	ক্রম-১৪ ও ১৫ এর জন্য ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে।
১৫.	ফ্রেন মাউন্টেড ট্রাক অপারেটর (রোলিং স্টক)	১	১৫	এইচএসসি (ভোকেশনাল) এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	ক্রম-১৬ এর জন্য যানবাহন চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে।
১৬.	স্কিল্ড ফর্ক লিফট অপারেটর (রোলিং স্টক)	২	১৫	এইচএসসি (ভোকেশনাল) এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।	ক্রম-১৬ এর জন্য যানবাহন চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে।
মোট=		৫২			

শর্তসমূহ:


- প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট www.bangladesh.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।
- সকল পদে শিক্ষাক্ষেত্রে কোনো পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে:
 - সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
 - জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি;
 - অভিজ্ঞতার সনদপত্রের ছায়ালিপি; এবং
 - প্রশিক্ষণ সনদের ছায়ালিপি (যদি থাকে)।
- একজন প্রার্থী কেবলমাত্র ০১(এক)টি পদে আবেদন করতে পারবেন। তবে কোম্পানি কর্তৃপক্ষ প্রয়োজনে একই যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন এবং সকল ধাপে উত্তীর্ণ প্রার্থীকে কোম্পানির একই Pay Grade-এর সমপদে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করতে পারবে।
- কোম্পানি কর্তৃপক্ষ প্রয়োজনে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে মেইনস্টেইনার ক্যাটাগরির উচ্চতর পদে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করতে পারবে।
- 'ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড'-এর অনুকূলে প্রার্থীকে ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে।
- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের অন্য কোনো প্রমাণক গ্রহণযোগ্য হবে না।
- খামের উপর বাম দিকে **পদের নাম ও বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-৩** উল্লেখ করতে হবে।
- কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে যাচিৎ কাগজপত্রাদিসহ আবেদনের অগ্রিম কপিও প্রেরণ করা যাবে।
- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করা হবে। কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র এবং অভিজ্ঞতা সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোম্পানি কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।
- যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- কোম্পানি কর্তৃপক্ষ, কোম্পানির বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কোম্পানি কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প কোম্পানির নির্ধারিত ফরমে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।
- কোনো প্রার্থী কোনো তথ্য গোপন করলে বা ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে অথবা প্রতারণার আশ্রয় নিলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে তাৎক্ষণিক প্রার্থীর প্রার্থিতা/নিয়োগ বাতিল করা হবে। অপরাধের ধরন ও মাত্রা বিবেচনায় আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা হবে।
- যে কোনো ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- (ক) আবেদনপত্র আগামী **০৪ ডিসেম্বর ২০২২** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে বা ডিএমটিসিএল-এ স্থাপিত বক্সে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিক্যান্ট রোড, ইন্ডান গার্ডেন, ঢাকা-১০০০**-এর বরাবরে পৌছাতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) প্রার্থীকে নিজের বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" x ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে এতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

২২. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২১-এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এই ক্ষেত্রে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
২৩. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২১ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন।
২৪. প্রথমে ০১(এক) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং ডোপ টেস্ট ও পুলিশ ডেরিফিকেশন সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় চাকরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে চাকরি নিশ্চিত করে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তিতে চাকরি চুক্তি নবায়ন করা যেতে পারে।



মোহাম্মদ আবদুর রউফ
কোম্পানি সচিব